

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ / ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-১০৭-আইন/২০১৪/৭০২-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৬৮-আইন/২০১৩/৬৭২-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত -

(১) শিরনামা সংখ্যা ১০১০ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং তদ্বিপরীতে এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“So১০ So১০.০০ ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থাঃ

So১০.১০ ভূমি উন্নয়ন সংস্থাঃ

ব্যাখ্যা।- “ভূমি উন্নয়ন সংস্থা” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির উন্নয়ন সাধন বা চুক্তির মাধ্যমে ভূমির উন্নয়ন সাধনপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোনভাবে পণের বিনিময়ে উক্ত উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

So১০.২০ ভবন নির্মাণ সংস্থাঃ

ব্যাখ্যা।- “ভবন নির্মাণ সংস্থা” অর্থে বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির উপর ভবন নির্মাণপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোনভাবে পণের বিনিময়ে বাণিজ্যিক ভিত্তিতে উক্ত নির্মিত ভবন বিক্রয় অথবা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, এবং অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির উপর পণের বিনিময়ে ভবন নির্মাণপূর্বক হস্তান্তর কার্যক্রমও ইহার অন্তর্ভুক্ত হইবে।”;

- (২) শিরনামা সংখ্যা S০৭৪ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও তদবিপরীতে এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৭৪      S০৭৪.০০      স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারীঃ

ব্যাখ্যা।- “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা আবাসিক কাজে ব্যবহার্য নয় এরূপ কোন স্থান বা স্থাপনা পণের বিনিময়ে নির্দিষ্ট মেয়াদে ব্যবহার করার অধিকারী। নির্দিষ্ট মেয়াদান্তে নবায়নযোগ্য উক্তরূপ অধিকার অর্জনও ইহার অন্তর্ভুক্ত হইবে।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোঃ শওকাত হোসেন ]

প্রথম সচিব (মুসক নীতি)